দৈনিক খবর

তারিখ 04 DEC 1993
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

# অনিয়মতান্ত্রিকভাবে শিক্ষক বরখাস্তের অভিযোগ

গোপালগঞ্জ, ৩রা ডিসেম্বর (আহাম্মদ আলী খান)।– সদর থানার সুলতান শাহী কেকানিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষককে অনিয়মতান্ত্রিকভাবে চক্রান্তের মাধ্যমে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে বলে অভিযোগে জানা গেছে। প্রকাশ, গত ২১শে অক্টোবর স্কুলের প্রধান শিক্ষক স্বাক্ষরিত স্মারক নং–১২/৯৩–এর মাধ্যমে সহকারী প্রধান শিক্ষক বিপুল কান্তি টিকাদারকে দায়িত্ব ও কর্তব্য অবহেলার দায়ে সহকারী প্রধান শিক্ষকের পদ থেকে অপসারণের জন্য কারণ দর্শানোর নোটিশ পাঠান। গত ২৭শে অক্টোবর বিপুল কান্তি টিকাদার যথারীতি কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদান করেন। গত ২৮শে অক্টোবর প্রধান শিক্ষক স্বাক্ষরিত স্মারক নং ১৩/৯৩–এর মাধ্যমে বিপুল টিকাদারকে জানানো হয় যে, তার কারণ দর্শানো পত্র কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হয়নি। ৭ দিনের মধ্যে পুনরায় গ্রহণযোগ্য জবাব দেয়ার জন্য জানানো হয়। বিপুল টিকাদার আবারো উক্ত পত্রের জবাব বিধি মোতাবেক দেন। কিন্তু রহস্যজনক কারণে গত ১৬ই নভেম্বর প্রধান শিক্ষক স্বাক্ষরিত স্মারক নং– ১৪/৯৩–এর মাধ্যমে বিপুল ঠিকাদারকে জানানো হয় যে, তার এবারের জবাবও সন্তোষজনক না হওয়ার কারণে ১৫ই নভেম্বর অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভায় সিদ্ধান্ত মোতাবেক তাকে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। কিন্তু স্থানীয় জনমনে প্রশ্ন যেখানে স্মারক নং–১২/৯৩–এর মাধ্যমে সহকারী প্রধান শিক্ষক পদ থেকে অপসারণের কথা উল্লেখ করা হলো সেখানে স্মারক নং–১৪/৯৩–এ কিভাবে তাকে চাকরি থেকে সাময়িক বরখাস্তের সিদ্ধান্তের নির্দেশ দেয়া হল। এ ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষ সুষ্ঠু তদন্তপূর্বক গরীব স্কুল শিক্ষককে চাকরিতে পুনঃবহালের ব্যবস্থা গ্রহণ করবেন বলে অভিজ্ঞমহল আশা করেন।